# বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর বার্ষিক অডিট রিপোর্ট

## ২০১৮-২০১৯

## প্রথম খণ্ড

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[অভ্যন্তরীণ সম্পদ বিভাগ এর নিয়ন্ত্রণাধীন বৃহৎ করদাতা ইউনিট (আয়কর) কর্তৃক অর্জিত আয়ের উপর ২০১৭-২০১৮ অর্থ বছরের হিসাব সম্পর্কিত]

রাজস্ব অডিট অধিদপ্তর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ-১৩২ অনুযায়ী মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশকৃত।

# বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর বার্ষিক অডিট রিপোর্ট

## ২০১৮-২০১৯

## প্রথম খণ্ড

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[অভ্যন্তরীণ সম্পদ বিভাগ এর নিয়ন্ত্রণাধীন বৃহৎ করদাতা ইউনিট (আয়কর) কর্তৃক অর্জিত আয়ের উপর ২০১৭-২০১৮ অর্থ বছরের হিসাব সম্পর্কিত]

রাজস্ব অডিট অধিদপ্তর

---

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ-১৩২ অনুযায়ী মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশকৃত।

# সূচিপত্র


| ক্রমিক নং | বিবরণ | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|
| ১ | মুখবন্ধ | |
| ২ | প্রথম অধ্যায় | ১ |
| | অডিট অনুচ্ছেদের সারসংক্ষেপ | ৩ |
| | অডিট বিষয়ক তথ্য | ৫ |
| | ম্যানেজমেন্ট ইস্যু | ৭ |
| | অনিয়ম ও ক্ষতিসমূহের কারণ | ৭ |
| | অডিটের সুপারিশ | ৭ |
| ৩ | দ্বিতীয় অধ্যায় (অডিট অনুচ্ছেদসমূহ) | ৯-২৫ |
| ৪ | মহাপরিচালকের স্বাক্ষর | ২৫ |
| ৫ | অনুচ্ছেদভিত্তিক পরিশিষ্ট | দ্বিতীয় খণ্ড |

# মুখবন্ধ

১। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ-১২৮(১) অনুযায়ী বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল প্রজাতন্ত্রের সরকারি হিসাবসমূহ এবং সকল আদালত, সরকারি কর্তৃপক্ষ ও কর্মচারীর হিসাব নিরীক্ষা করার জন্য ক্ষমতাপ্রাপ্ত।

২। অভ্যন্তরীণ সম্পদ বিভাগের নিয়ন্ত্রণাধীন বৃহৎ করদাতা ইউনিট (আয়কর) ঢাকা অফিসের ২০১৭-২০১৮ অর্থ বছরের আর্থিক কার্যক্রমের ওপর রাজস্ব অডিট অধিদপ্তর কর্তৃক নমুনামূলক যাচাইয়ের মাধ্যমে নিরীক্ষাপূর্বক এ প্রতিবেদন প্রণয়ন করা হয়েছে। সরকারি সম্পদ ও অর্থ আদায়ের ক্ষেত্রে চিহ্নিত গুরুত্বপূর্ণ অনিয়মসমূহ সংশ্লিষ্ট অংশীজনের নজরে আনয়ন করাই এ নিরীক্ষার মূল উদ্দেশ্য।

৩। নিরীক্ষিত প্রতিষ্ঠানসমূহের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা শক্তিশালীকরণ, সরকারি অর্থ আদায়ে প্রচলিত বিধি-বিধান পরিপালন, একই ধরনের অনিয়মের পুনরাবৃত্তি না ঘটানো ও পূর্ববর্তী নিরীক্ষার সুপারিশসমূহ বাস্তবায়ন না করা বিষয়ে কর্তৃপক্ষের মনোনিবেশ করার প্রয়োজনীয়তা এ প্রতিবেদনে প্রতিফলিত হয়েছে।

৪। এ প্রতিবেদনে অন্তর্ভুক্ত ১১টি অনুচ্ছেদে বর্ণিত অনিয়মসমূহ অফিস প্রধানসহ সংশ্লিষ্ট বিভাগের মুখ্য হিসাবদানকারী কর্মকর্তা বরাবর উপস্থাপন করা হয়েছে এবং প্রাপ্তি সাপেক্ষে তাঁদের লিখিত জবাব বিবেচনাপূর্বক এ প্রতিবেদন চূড়ান্ত করা হয়েছে।

৫। এ নিরীক্ষা সম্পাদন ও প্রতিবেদন প্রণয়নে বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল কর্তৃক জারিকৃত Government Auditing Standards অনুসরণ করা হয়েছে।

৬। জাতীয় সংসদে উপস্থাপনের লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ-১৩২ অনুযায়ী এ নিরীক্ষা প্রতিবেদন মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশ করা হলো।

তারিখ: ২৬/৩/১৪২৮ বঙ্গাব্দ / ৩০/৬/২০২১ খ্রিষ্টাব্দ।

(মোহাম্মদ মুসলিম চৌধুরী)
কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল
বাংলাদেশ।

# প্রথম অধ্যায়

# (অডিট অনুচ্ছেদের সারসংক্ষেপ ও ম্যানেজমেন্ট ইস্যু)

# অডিট অনুচ্ছেদের সারসংক্ষেপ

| অনুঃ নং | আপত্তির শিরোনাম | জড়িত টাকার পরিমাণ | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|---|
| ১. | কে এস আর এম স্টীল প্লান্ট লিঃ কর্তৃক অননুমোদনযোগ্য ব্যয় বিয়োজন করে মোট আয় কম নিরূপণপূর্বক আয়কর কম নির্ধারণ করায় আর্থিক ক্ষতি। | ৯৭,৩৪,১৩,৮৩৮/- | ১১-১২ |
| ২. | বি এস আর এম স্টীলস লিঃ কর্তৃক অননুমোদনযোগ্য ব্যয় বিয়োজন করে মোট আয় কম নিরূপণপূর্বক আয়কর কম নির্ধারণ করায় আর্থিক ক্ষতি। | ৬০৫,২৩,৮২,১৯৫/- | ১৩-১৪ |
| ৩. | বি এস আর এম স্টীলস লিঃ কর্তৃক অননুমোদনযোগ্য ব্যয় বিয়োজন করে মোট আয় কম নিরূপণপূর্বক আয়কর কম নির্ধারণ করায় আর্থিক ক্ষতি। | ৪,৮১,৫৫,৩৪৫/- | ১৫ |
| ৪. | আর এ কে সিরামিকস লিঃ কর্তৃক অননুমোদিত ব্যয় বিয়োজন করে মোট আয় কম নিরূপণপূর্বক আয়কর কম নির্ধারণ করায় আর্থিক ক্ষতি। | ৯,১৮,০১,৫৩৩/- | ১৬-১৭ |
| ৫. | আর এ কে সিরামিকস লিঃ কর্তৃক পূর্তকাজ সম্পাদনের সময় উৎসে কর কর্তন না করায় আয়কর কম নির্ধারণে আর্থিক ক্ষতি। | ২,৭৯,৩৯,৫০৯/- | ১৮ |
| ৬. | মার্কেন্টাইল ব্যাংক লিঃ কর্তৃক অননুমোদিত ব্যয় বিয়োজন করে মোট আয় কম নিরূপণপূর্বক আয়কর কম নির্ধারণ করায় আর্থিক ক্ষতি। | ৩৪,১৩,৪৫,১৮১/- | ১৯-২০ |
| ৭. | সিটি জেনারেল ইনস্যুরেন্স লিঃ কর্তৃক অননুমোদনযোগ্য ব্যয় বিয়োজন করে মোট আয় কম নিরূপণপূর্বক আয়কর কম নির্ধারণ করায় আর্থিক ক্ষতি। | ১,৪৩,৩২,৭২৩/- | ২১ |
| ৮. | ডেল্টা লাইফ ইনস্যুরেন্স কোং লিঃ কর্তৃক পূর্তকাজ সম্পাদনের সময় উৎসে কর কর্তন না করায় আয়কর কম নির্ধারণে আর্থিক ক্ষতি। | ৪৩,৮৩,৭২৭/- | ২২ |
| ৯. | সানোফি বাংলাদেশ লিঃ কর্তৃক অননুমোদিত ব্যয় বিয়োজন করে মোট আয় কম নিরূপণপূর্বক আয়কর কম নির্ধারণ করায় আর্থিক ক্ষতি। | ৬,৭৫,০২,৫৭১/- | ২৩ |
| ১০. | সানোফি বাংলাদেশ লিঃ কর্তৃক অননুমোদিত ব্যয় বিয়োজন করে মোট আয় কম নিরূপণপূর্বক আয়কর কম নির্ধারণ করায় আর্থিক ক্ষতি। | ৭,০৩,৫৪,৯৯৫/- | ২৪ |
| ১১. | ফু-ওয়াং সিরামিকস লিঃ কর্তৃক অননুমোদিত ব্যয় বিয়োজন করে মোট আয় কম নিরূপণপূর্বক আয়কর কম নির্ধারণ করায় আর্থিক ক্ষতি। | ৪৫,০৯,৭৮৭/- | ২৫ |
| | সর্বমোট= | ৭৬৯,৬১,২১,৪০৪/- | |

**কথায় : সাতশত উনসত্তর কোটি একষট্টি লক্ষ একুশ হাজার চারশত চার টাকা।**

# অডিট বিষয়ক তথ্য

| | | |
|---|---|---|
| নিরীক্ষা অর্থ বৎসর | : | ২০১৭-২০১৮ খ্রিঃ |
| নিরীক্ষিত প্রতিষ্ঠান | : | বৃহৎ করদাতা ইউনিট (আয়কর), জাতীয় রাজস্ব বোর্ড। |
| নিরীক্ষার প্রকৃতি | : | নিয়মানুগ নিরীক্ষা। |
| নিরীক্ষার সময় | : | ০৪/০২/২০১৯ খ্রিঃ হতে ৩০/০৪/২০১৯ খ্রিঃ |
| নিরীক্ষা পদ্ধতি | : | প্রাসঙ্গিক নিয়মনীতি প্রতিপালন করে নিরীক্ষার ঝুঁকি নির্ধারণপূর্বক নিরীক্ষা কার্যক্রম সম্পন্ন করা হয়। |
| অডিট রিপোর্ট প্রণয়নে সার্বিক তত্ত্বাবধান | : | মহাপরিচালক, রাজস্ব অডিট অধিদপ্তর। |

**ম্যানেজমেন্ট ইস্যু** :

- পূর্ববর্তী নিরীক্ষার সুপারিশসমূহ বাস্তবায়নে উদ্যোগী ভূমিকা গ্রহণ করা।
- সরকারি বিধি-বিধানগুলো সর্বক্ষেত্রে যথাযথভাবে অনুসরণ নিশ্চিত করা।
- জাতীয় রাজস্ব বোর্ড এর অভ্যন্তরীণ নিরীক্ষা কার্যক্রম শক্তিশালীকরণ।

**অনিয়ম ও ক্ষতিসমূহের কারণ** :

- বাণিজ্যিক ব্যাংক এবং কোম্পানিগুলো কর্তৃক আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ৩৭, ৫২ ও ৫৩ই আয়কর বিধিমালা, ১৯৮৪ এর বিধি ১৬ এর ব্যত্যয়।
- অনুমোদনযোগ্য ব্যয় সীমার অতিরিক্ত ব্যয় অনুমোদন করা।

**অডিটের সুপারিশ** :

- বাণিজ্যিক ব্যাংক, ইনস্যুরেন্স এবং কোম্পানিগুলো কর্তৃক আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ৩৭, ৫২ ও ৫৩ই আয়কর বিধিমালা, ১৯৮৪ এর বিধি ১৬ অনুযায়ী বিধি-বিধানের আলোকে কর নির্ধারণ করা।
- অনুমোদনযোগ্য ব্যয় সীমার অতিরিক্ত ব্যয় অনুমোদন না করা।

# দ্বিতীয় অধ্যায়
# (অডিট অনুচ্ছেদসমূহ)

অনুচ্ছেদ নং-১॥

শিরোনাম : কে এস আর এম স্টীল প্লান্ট লিঃ কর্তৃক অননুমোদনযোগ্য ব্যয় বিয়োজন করে মোট আয় কম নিরূপণপূর্বক ৯৭,৩৪,১৩,৮৩৮/- (সাতানব্বই কোটি চৌত্রিশ লক্ষ তের হাজার আটশত আটত্রিশ) টাকা আয়কর কম নির্ধারণ করায় আর্থিক ক্ষতি।

বিবরণ : অভ্যন্তরীণ সম্পদ বিভাগ এর নিয়ন্ত্রণাধীন বৃহৎ করদাতা ইউনিট (আয়কর) ঢাকা, চট্টগ্রাম শাখা কার্যালয়ের ২০১৭-১৮ করবর্ষে কেএসআরএম স্টীল প্লান্ট লিঃ এর অননুমোদনযোগ্য ব্যয় বিয়োজন করে মোট আয় কম নিরূপণপূর্বক আয়কর কম নির্ধারণ করায় ৯৭,৩৪,১৩,৮৩৮/- টাকা আর্থিক ক্ষতি হয়েছে।

উল্লিখিত অফিসের হিসাব নিরীক্ষাকালে কে এস আর এম স্টীল প্লান্ট লিঃ এর আয়কর নথি, বার্ষিক নিরীক্ষিত হিসাব বিবরণী ও রেকর্ডপত্র পর্যালোচনায় দেখা যায় যে, করদাতা কোম্পানি কর্তৃক আয়কর রিটার্নের সাথে দাখিলকৃত বার্ষিক প্রতিবেদনের নোট ৪.০২ এ Break up of Purchase স্থানীয় কাঁচামাল ক্রয় বাবদ মোট ব্যয় ২৭৮,১১,৮২,৩৯৬/- টাকা দাবি করা হয়েছে। স্থানীয়ভাবে ক্রয় বাবদ ২৭৮,১১,৮২,৩৯৬/- টাকার উপর আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ৫২(১) এবং আয়কর বিধিমালা, ১৯৮৪ এর বিধি ১৬ ক্লজ বি অনুযায়ী ৫% উৎসে কর আদায়যোগ্য। আলোচ্য ক্ষেত্রে উৎসে কর কর্তন না করায় আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৩০(এএ) ধারায় ২৭৮,১১,৮২,৩৯৬/- টাকা অননুমোদিত ব্যয় হিসেবে মোট আয়ের সাথে যোগকরণযোগ্য।

[বিস্তারিত বিবরণ ২য় খণ্ডের পরিশিষ্ট "০১" এর পৃষ্ঠা "০১" দ্রষ্টব্য ]

অনিয়মের কারণ :

- আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৫২(১) ধারা লঙ্ঘন।
- আয়কর বিধিমালা, ১৯৮৪ এর বিধি ১৬ ক্লজ বি লঙ্ঘন।
- আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৩০(এএ) ধারা লঙ্ঘন।

নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব : আয়কর রেকর্ড যাচাই করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে।

নিরীক্ষা মন্তব্য : আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৫২(১) ধারা এবং আয়কর বিধিমালা, ১৯৮৪ এর বিধি ১৬ ক্লজ বি অনুযায়ী ৫% উৎসে কর আদায়যোগ্য ছিল। স্থানীয় অফিসের জবাব নিষ্পত্তি সহায়ক নয়। আপত্তিটি গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত করে এবং সরকারের আর্থিক ক্ষতির বিষয় উল্লেখ করে ০৬/০৮/২০১৯ খ্রিঃ তারিখে সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয় বরাবর ০১ মাস সময় দিয়ে পত্র দেয়া হয়। ১৪/১০/২০১৯ খ্রিঃ তারিখে প্রেরিত স্মারক নং- ০৮.০০.০০০০.০৪২.০১.০৫০.১৯.৫৩ এর জবাবে জানানো হয় যে, সংশ্লিষ্ট করদাতা কোম্পানি প্রয়োজনীয় প্রমাণাদি দাখিলের জন্য ০১ মাস সময় চেয়ে উপকর কমিশনার বরাবর আবেদন করেন। পরবর্তীতে অডিটি প্রতিষ্ঠান থেকে আর কোন জবাব পাওয়া যায়নি।



৩—

দশম জাতীয় সংসদের পিএ কমিটির ২১ তম বৈঠকে অনুরূপ আপত্তি আলোচিত হয় এবং নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

১. আপত্তিকৃত টাকার মধ্যে যে অংশটুকু আদায় যথাযথ মর্মে মন্তব্যপূর্বক নিরীক্ষা কর্তৃপক্ষ ঐ অংশ নিস্পত্তির জন্য সুপারিশ করেছে তা গ্রহণ করা হয়।

২. পরিশোধিত করের মধ্যে আপত্তিকৃত টাকার সংশ্লিষ্টতার বিষয়ে নিরীক্ষাকে আগামী ০৭ দিনের মধ্যে প্রমাণক সরবরাহ করতে হবে।

৩. আপীলাত ট্রাইব্যুনাল কর্তৃক বিলোপকৃত টাকার বিলোপের স্বপক্ষে যথাযথ প্রমাণক আগামী ১৫ দিনের মধ্যে সরবরাহ করতে হবে।

৪. আপীলাত ট্রাইব্যুনালের রায়ের বিরুদ্ধে হাইকোর্টে মামলা দায়েরের প্রয়োজনীয়তার বিষয়টি জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক পরীক্ষা করে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**নিরীক্ষার সুপারিশ** : আপত্তিকৃত ৯৭,৩৪,১৩,৮৩৮/- টাকা আদায় করে সরকারি কোষাগারে জমাপূর্বক প্রমাণকসহ নিরীক্ষা অফিসে জবাব প্রদান করা আবশ্যক।

অনুচ্ছেদ নং-২॥

শিরোনাম : বি এস আর এম স্টীলস লিঃ কর্তৃক অননুমোদনযোগ্য ব্যয় বিয়োজন করে মোট আয় কম নিরূপণপূর্বক ৬০৫,২৩,৮২,১৯৫/- (ছয়শত পাঁচ কোটি তেইশ লক্ষ বিরাশি হাজার একশত পঁচানব্বই) টাকা আয়কর কম নির্ধারণ করায় আর্থিক ক্ষতি।

বিবরণ : অভ্যন্তরীণ সম্পদ বিভাগ এর আওতাধীন কর কমিশনার বৃহৎ করদাতা ইউনিট (আয়কর) ঢাকা, চট্টগ্রাম শাখা কার্যালয়ের ২০১৭-১৮ করবর্ষে বিএসআরএম স্টীলস লিঃ এর অননুমোদনযোগ্য ব্যয় বিয়োজন করে মোট আয় কম নিরূপণপূর্বক ৬০৫,২৩,৮২,১৯৫/- টাকা আয়কর কম নির্ধারণ করায় আর্থিক ক্ষতি হয়েছে।

উল্লিখিত অফিসের হিসাব নিরীক্ষাকালে বিএসআরএম স্টীলস লিঃ এর আয়কর নথি, বার্ষিক নিরীক্ষিত হিসাব বিবরণী ও রেকর্ডপত্র পর্যালোচনায় দেখা যায় যে, করদাতা কোম্পানি কর্তৃক আয়কর রিটার্নের সাথে দাখিলকৃত বার্ষিক প্রতিবেদনের নোট ৫.০১ এ Break up of Purchase স্থানীয় কাঁচামাল ক্রয় বাবদ মোট ব্যয় ২৭২৮,৭১,৬৯,৩৩২/- টাকা এবং উহার মধ্যে নোট ৫.০৫ এ আমদানিকৃত কাঁচামাল প্রদর্শন করা হয়েছে ৩০৭,১৩,৫৫,৪৪১/- টাকা। মোট দেশীয়ভাবে সংগৃহীত কাঁচামালের মূল্য (২৭২৮,৭১,৬৯,৩৩২-৩০৭,১৩,৫৫,৪৪১)=২৪২১,৫৮,১৩,৮৯১/- টাকা। দেশীয় কাঁচামালের বিপরীতে উৎসে কর কর্তন করা হয়নি। দেশীয় কাঁচামালের মূল্য ২৪২১,৫৮,১৩,৮৯১/- টাকার উপর আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৫২(১) ধারা এবং আয়কর বিধিমালা, ১৯৮৪ এর বিধি ১৬ ক্লজ বি অনুযায়ী ৫% উৎসে কর কর্তন না করায় আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৩০(এএ) ধারায় অননুমোদিত ব্যয় হিসাবে মোট আয়ের সাথে যোগকরণযোগ্য।

[বিস্তারিত বিবরণ ২য় খণ্ডের পরিশিষ্ট "০২" এর পৃষ্ঠা "০২" দ্রষ্টব্য ]

অনিয়মের কারণ :

- আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৫২(১) ধারা লঙ্ঘন।
- আয়কর বিধিমালা, ১৯৮৪ এর বিধি ১৬ ক্লজ বি ধারা লঙ্ঘন।
- আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৩০(এএ) ধারা লঙ্ঘন।

নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব : আয়কর রেকর্ডপত্র যাচাই করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে।

নিরীক্ষা মন্তব্য : আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৫২(১) ধারা এবং আয়কর বিধিমালা, ১৯৮৪ এর বিধি ১৬ ক্লজ বি অনুযায়ী ৫% উৎসে কর কর্তনযোগ্য ছিল। স্থানীয় অফিসের জবাব নিষ্পত্তি সহায়ক নয়। আপত্তিটি গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিতপূর্বক এবং সরকারের আর্থিক ক্ষতির বিষয় উল্লেখ করে ০৬/০৮/২০১৯ খ্রিঃ তারিখে সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয় বরাবর ০১ মাস সময় দিয়ে পত্র দেয়া হয়। ১৪/১০/২০১৯ খ্রিঃ তারিখে মন্ত্রণালয় থেকে প্রেরিত স্মারক নং- ০৮.০০.০০০০.০৪২.০১.০৫০.১৯.৫৩ এর জবাবে সংশ্লিষ্ট করদাতা কোম্পানি প্রয়োজনীয় প্রমাণাদি দাখিলের জন্য ০১ মাস সময় চেয়ে উপকর কমিশনার বরাবর আবেদন করেন। পরবর্তীতে অডিটি প্রতিষ্ঠান থেকে আর কোন জবাব পাওয়া যায়নি।

দশম জাতীয় সংসদের পিএ কমিটির ২১তম বৈঠকে অনুরূপ আপত্তি আলোচিত হয় এবং নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

১. আপত্তিকৃত টাকার মধ্যে যে অংশটুকু আদায় যথাযথ মর্মে মন্তব্যপূর্বক নিরীক্ষা কর্তৃপক্ষ ঐ অংশ নিষ্পত্তির জন্য সুপারিশ করেছে তা গ্রহণ করা হয়।

২. পরিশোধিত করের মধ্যে আপত্তিকৃত টাকার সংশ্লিষ্টতার বিষয়ে নিরীক্ষাকে আগামী ০৭ দিনের মধ্যে প্রমাণক সরবরাহ করতে হবে।

৩. আপীলাত ট্রাইব্যুনাল কর্তৃক বিলোপকৃত টাকার বিলোপের স্বপক্ষে যথাযথ প্রমাণক আগামী ১৫ দিনের মধ্যে সরবরাহ করতে হবে।

৪. আপীলাত ট্রাইব্যুনালের রায়ের বিরুদ্ধে হাইকোর্টে মামলা দায়েরের প্রয়োজনীয়তার বিষয়টি জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক পরীক্ষা করে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**নিরীক্ষার সুপারিশ** : আপত্তিতে উল্লিখিত ৬০৫,২৩,৮২,১৯৫/- টাকা আদায় করে সরকারি কোষাগারে জমাপূর্বক প্রমাণকসহ নিরীক্ষা অফিসে জবাব প্রদান করা আবশ্যক।

অনুচ্ছেদ নং-৩॥

| | | |
|---|---|---|
| শিরোনাম | : | বি এস আর এম স্টীলস লিঃ কর্তৃক অননুমোদনযোগ্য ব্যয় বিয়োজন করে মোট আয় কম নিরূপণপূর্বক ৪,৮১,৫৫,৩৪৫/- (চার কোটি একাশি লক্ষ পঞ্চান্ন হাজার তিনশত পঁয়তাল্লিশ) টাকা আয়কর কম নির্ধারণ করায় আর্থিক ক্ষতি। |
| বিবরণ | : | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ এর আওতাধীন কর কমিশনার বৃহৎ করদাতা ইউনিট (আয়কর) ঢাকা, চট্টগ্রাম শাখা কার্যালয়ের ২০১৭-১৮ করবর্ষে বি এস আর এম স্টীলস লিঃ এর অননুমোদনযোগ্য ব্যয় বিয়োজন করে মোট আয় কম নিরূপণপূর্বক আয়কর কম নির্ধারণ করায় ৪,৮১,৫৫,৩৪৫/- টাকা আর্থিক ক্ষতি হয়েছে।<br><br>উল্লিখিত অফিসের হিসাব নিরীক্ষাকালে বিএসআরএম স্টীলস লিঃ এর আয়কর নথি, বার্ষিক নিরীক্ষিত হিসাব বিবরণী ও রেকর্ডপত্র পর্যালোচনায় দেখা যায় যে, করদাতা কোম্পানি কর্তৃক আয়কর রিটার্নের সাথে দাখিলকৃত বার্ষিক প্রতিবেদনের নোট ৩২ এ ওয়ার্কার্স পার্টিসিপেশন ফান্ড (WPF) হতে পরিশোধ দাবি করা হয়েছে ১৯,৮৯,০৬,৪৯৩/- টাকা। আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৫২ ডি ডি অনুযায়ী ওয়ার্কার্স পার্টিসিপেশন ফান্ড (WPF) এর উপকারভোগীর অনুকূলে যে কোন অর্থ পরিশোধে দায়ী যে কোন ব্যক্তি অনুরূপ পরিশোধ সম্পাদনকালে বর্ণিত পরিশোধ হতে ৫% হারে উৎসে কর কর্তনযোগ্য। আলোচ্য ক্ষেত্রে অর্থ পরিশোধের সময় উৎসে কর কর্তন না করায় আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৩০(এএ) ধারায় অননুমোদিত ব্যয় হিসাবে মোট আয়ের সাথে যোগকরণযোগ্য।<br><br>[বিস্তারিত বিবরণ ২য় খণ্ডের পরিশিষ্ট "০৩" এর পৃষ্ঠা "০৩" দ্রষ্টব্য ] |
| অনিয়মের কারণ | : | • আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৫২ ডিডি ধারা লঙ্ঘন।<br>• আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৩০(এএ) ধারা লঙ্ঘন। |
| নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব | : | আয়কর রেকর্ডপত্র যাচাই করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে। |
| নিরীক্ষা মন্তব্য | : | আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৫২ ডিডি অনুযায়ী ওয়ার্কার্স পার্টিসিপেশন ফান্ড (WPF) এর উপকারভোগীর অনুকূলে যে কোন অর্থ পরিশোধে দায়ী যে কোন ব্যক্তি অনুরূপ পরিশোধ সম্পাদনকালে বর্ণিত পরিশোধ হতে ৫% হারে উৎসে কর কর্তনযোগ্য। স্থানীয় অফিসের জবাব নিষ্পত্তি সহায়ক নয়। আপত্তিটি গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত করে এবং সরকারের আর্থিক ক্ষতির বিষয় উল্লেখপূর্বক ০৬-০৮-২০১৯ খ্রিঃ তারিখে সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয় বরাবর ১ মাস সময় দিয়ে পত্র দেয়া হয়। ১৪-১০-২০১৯ খ্রিঃ তারিখে প্রেরিত স্মারক নং- ০৮.০০.০০০০.০৪২.০১.০৫০.১৯.৫৩ এর জবাবে জানানো হয় যে, সংশ্লিষ্ট করদাতা কোম্পানি প্রয়োজনীয় প্রমাণাদি দাখিলের জন্য ০১ মাস সময় চেয়ে উপকর কমিশনার বরাবর আবেদন করেন। পরবর্তীতে অডিটি প্রতিষ্ঠান থেকে আর কোন জবাব পাওয়া যায়নি। |
| নিরীক্ষার সুপারিশ | : | আপত্তিতে উল্লিখিত ৪,৮১,৫৫,৩৪৫/- টাকা আদায় করে সরকারি কোষাগারে জমাপূর্বক প্রমাণকসহ নিরীক্ষা অফিসে জবাব প্রদান করা আবশ্যক। |

অনুচ্ছেদ নং-৪॥

শিরোনাম : আর এ কে সিরামিকস লিঃ কর্তৃক অননুমোদিত ব্যয় বিয়োজন করে মোট আয় কম নিরূপণপূর্বক ৯,১৮,০১,৫৩৩/- (নয় কোটি আঠারো লক্ষ এক হাজার পাঁচশত তেত্রিশ) টাকা আয়কর কম নির্ধারণ করায় আর্থিক ক্ষতি।

বিবরণ : অভ্যন্তরীণ সম্পদ বিভাগ এর আওতাধীন কর কমিশনার বৃহৎ করদাতা ইউনিট (আয়কর), ঢাকা কার্যালয় এর ২০১৭-১৮ করবর্ষে আর এ কে সিরামিকস লিঃ কর্তৃক অননুমোদিত ব্যয় বিয়োজন করে মোট আয় কম নিরূপণপূর্বক আয়কর কম নির্ধারণ করায় ৯,১৮,০১,৫৩৩/- টাকা আর্থিক ক্ষতি হয়েছে।

উল্লিখিত অফিসের হিসাব নিরীক্ষাকালে আর এ কে সিরামিকস লিঃ এর আয়কর নথি, বার্ষিক নিরীক্ষিত হিসাব বিবরণী ও রেকর্ডপত্র পর্যালোচনায় দেখা যায় যে, করদাতা কোম্পানি কর্তৃক আয়কর রিটার্নের সাথে দাখিলকৃত বার্ষিক প্রতিবেদনের নোট ২২ এ কাঁচামাল ক্রয় বাবদ মোট পরিশোধ করা হয়েছে ১৪১,৬২,৩৭,৪৪৮/- টাকা। এর মধ্যে নোট ২৯ অনুযায়ী আমদানিকৃত কাঁচামালের মূল্য ১০৪,৯০,৩১,৩১৫/- টাকা। সে মোতাবেক স্থানীয়ভাবে কাঁচামাল ক্রয় (১৪১,৬২,৩৭,৪৪৮–১০৪,৯০,৩১,৩১৫) = ৩৬,৭২,০৬,১৩৩/- টাকা। স্থানীয়ভাবে কাঁচামাল ক্রয়ের বিপরীতে উৎসে কর কর্তনের কোন প্রমাণক নথিতে পাওয়া যায়নি। স্থানীয়ভাবে কাঁচামাল ক্রয় বাবদ ৩৬,৭২,০৬,১৩৩/- টাকার উপর আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৫২(১) ধারা এবং আয়কর বিধিমালা, ১৯৮৪ এর বিধি ১৬ ক্লজ বি অনুযায়ী ৫% উৎসে কর কর্তন না করায় আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৩০(এএ) ধারায় অননুমোদিত ব্যয় হিসাবে মোট আয়ের সাথে যোগকরণযোগ্য।

[বিস্তারিত বিবরণ ২য় খণ্ডের পরিশিষ্ট "০৪" এর পৃষ্ঠা "০৪" দ্রষ্টব্য ]

অনিয়মের কারণ :

- আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৫২(১) ধারা লঙ্ঘন।
- আয়কর বিধিমালা, ১৯৮৪ এর বিধি ১৬ ক্লজ বি লঙ্ঘন।
- আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৩০(এএ) ধারা লঙ্ঘন।

নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব : আয়কর রেকর্ডপত্র পরীক্ষান্তে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে।

নিরীক্ষা মন্তব্য : আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৫২(১) ধারা এবং আয়কর বিধিমালা, ১৯৮৪ এর বিধি ১৬ ক্লজ বি অনুযায়ী ৫% উৎসে কর কর্তনযোগ্য। স্থানীয় অফিসের জবাব নিষ্পত্তি সহায়ক নয়। আপত্তিটি গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত করে এবং সরকারের আর্থিক ক্ষতির বিষয় উল্লেখপূর্বক ০৬-০৮-২০১৯ খ্রিঃ তারিখে সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয় বরাবর ১ মাস সময় দিয়ে পত্র দেয়া হয়। ১৪-১০-২০১৯ খ্রিঃ তারিখে মন্ত্রণালয় থেকে প্রেরিত স্মারক নং- ০৮.০০.০০০০.০৪২.০১.০৫০.১৯.৫৩ এর জবাবে নিরীক্ষায় উত্থাপিত আপত্তিসহ অডিট ইস্যু নির্ধারণপূর্বক কর মামলাটি এনবিআর এর অনুমোদন সাপেক্ষে অডিটের জন্য নির্বাচন করা হয়েছে এবং বিষয়গুলি আইনানুগভাবে বিবেচনা করে কর মামলা নিষ্পত্তি করা হবে। অডিট আপত্তিটি স্বীকৃতিমূলক। পরবর্তীতে অডিটি প্রতিষ্ঠান থেকে আর কোন জবাব পাওয়া যায়নি।

.দশম জাতীয় সংসদের পিএ কমিটির ২১তম বৈঠকে অনুরূপ আপত্তি আলোচিত হয় এবং নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

১. আপত্তিকৃত টাকার মধ্যে যে অংশটুকু আদায় যথাযথ মর্মে মন্তব্যপূর্বক নিরীক্ষা কর্তৃপক্ষ ঐ অংশ নিষ্পত্তির জন্য সুপারিশ করেছে তা গ্রহণ করা হয়।

২. পরিশোধিত করের মধ্যে আপত্তিকৃত টাকার সংশ্লিষ্টতার বিষয়ে নিরীক্ষাকে আগামী ৭ দিনের মধ্যে প্রমাণক সরবরাহ করতে হবে।

৩. আপীলাত ট্রাইব্যুনাল কর্তৃক বিলোপকৃত টাকার বিলোপের স্বপক্ষে যথাযথ প্রমাণক আগামী ১৫ দিনের মধ্যে সরবরাহ করতে হবে।

৪. আপীলাত ট্রাইব্যুনালের রায়ের বিরুদ্ধে হাইকোর্টে মামলা দায়েরের প্রয়োজনীয়তার বিষয়টি জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক পরীক্ষা করে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

নিরীক্ষার সুপারিশ : আপত্তিতে উল্লিখিত ৯,১৮,০১,৫৩৩/- টাকা আদায় করে সরকারি কোষাগারে জমাপূর্বক প্রমাণকসহ নিরীক্ষা অফিসে জবাব প্রদান করা আবশ্যক।

অনুচ্ছেদ নং-৫॥

| | | |
|---|---|---|
| শিরোনাম | : | আর এ কে সিরামিকস লিঃ কর্তৃক পূর্তকাজ সম্পাদনের সময় উৎসে কর কর্তন না করায় ২,৭৯,৩৯,৫০৯/- (দুই কোটি উনআশি লক্ষ উনচল্লিশ হাজার পাঁচশত নয়) টাকা আয়কর কম নির্ধারণে আর্থিক ক্ষতি। |
| বিবরণ | : | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ এর আওতাধীন কর কমিশনার বৃহৎ করদাতা ইউনিট (আয়কর), ঢাকা কার্যালয় এর ২০১৭-১৮ করবর্ষে আর এ কে সিরামিকস লিঃ কর্তৃক পূর্তকাজ সম্পাদনের সময় উৎসে কর কর্তন না করে আয়কর কম নির্ধারণ করায় ২,৭৯,৩৯,৫০৯/- টাকা আর্থিক ক্ষতি হয়েছে।<br><br>উল্লিখিত অফিসের হিসাব নিরীক্ষাকালে আর এ কে সিরামিকস লিঃ এর আয়কর নথি, বার্ষিক নিরীক্ষিত হিসাব বিবরণী ও রেকর্ডপত্র পর্যালোচনায় দেখা যায় যে, করদাতা কোম্পানি কর্তৃক আয়কর রিটার্নের সাথে দাখিলকৃত বার্ষিক প্রতিবেদনের নোট ৪ এ বিল্ডিং খাতে ব্যয় পরিশোধ করা হয়েছে ৩৯,৯১,৩৫,৮৪৯/- টাকা। আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ৫২ ও বিধি-১৬ ক্লজ এ মোতাবেক পূর্তকাজে অর্থ পরিশোধের সময় ৭% উৎসে কর কর্তন করতে হবে। আলোচ্য ক্ষেত্রে ৩৯,৯১,৩৫,৮৪৯/- টাকা পরিশোধের সময় উৎসে কর কর্তনের কোন প্রমাণক পাওয়া যায় নাই।<br><br>[বিস্তারিত বিবরণ ২য় খণ্ডের পরিশিষ্ট "০৫" এর পৃষ্ঠা "০৫" দ্রষ্টব্য] |
| অনিয়মের কারণ | : | আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ৫২ ও বিধি-১৬ লঙ্ঘন। |
| নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব | : | আয়কর রেকর্ডপত্র পরীক্ষান্তে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে। |
| নিরীক্ষা মন্তব্য | : | আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ৫২ ও বিধি-১৬ ক্লজ এ মোতাবেক পূর্তকাজে অর্থ পরিশোধের সময় ৭% উৎসে কর কর্তনযোগ্য। স্থানীয় অফিসের জবাব নিষ্পত্তি সহায়ক নয়। আপত্তিটি গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত করে এবং সরকারের আর্থিক ক্ষতির বিষয় উল্লেখপূর্বক ০৬-০৮-২০১৯ খ্রিঃ তারিখে সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয় বরাবর ১ মাস সময় দিয়ে পত্র দেয়া হয়। ১৪-১০-২০১৯ খ্রিঃ তারিখে মন্ত্রণালয় থেকে প্রেরিত স্মারক নং- ০৮.০০.০০০০.০৪২.০১.০৫০.১৯.৫৩ এর জবাবে নিরীক্ষায় উত্থাপিত আপত্তিসহ অডিট ইস্যু নির্ধারণপূর্বক কর মামলাটি এনবিআর এর অনুমোদন সাপেক্ষে অডিটের জন্য নির্বাচন করা হয়েছে এবং বিষয়গুলি আইনানুগভাবে বিবেচনা করে কর মামলা নিষ্পত্তি করা হবে। অডিট আপত্তিটি স্বীকৃতিমূলক। পরবর্তীতে অডিটি প্রতিষ্ঠান থেকে আর কোন জবাব পাওয়া যায়নি। |
| নিরীক্ষার সুপারিশ | : | আপত্তিতে উল্লিখিত ২,৭৯,৩৯,৫০৯/- টাকা আদায় করে সরকারি কোষাগারে জমাপূর্বক প্রমাণকসহ নিরীক্ষা অফিসে জবাব প্রদান করা আবশ্যক। |

অনুচ্ছেদ নং-৬॥

শিরোনাম : মার্কেন্টাইল ব্যাংক লিঃ কর্তৃক অননুমোদিত ব্যয় বিয়োজন করে মোট আয় কম নিরূপণপূর্বক ৩৪,১৩,৪৫,১৮১/- (চৌত্রিশ কোটি তের লক্ষ পঁয়তাল্লিশ হাজার একশত একাশি) টাকা আয়কর কম নির্ধারণ করায় আর্থিক ক্ষতি।

বিবরণ : অভ্যন্তরীণ সম্পদ বিভাগ এর আওতাধীন কর কমিশনার বৃহৎ করদাতা ইউনিট (আয়কর), ঢাকা কার্যালয় এর ২০১৭-১৮ করবর্ষে অননুমোদিত ব্যয় বিয়োজন করে মোট আয় কম নিরূপণপূর্বক আয়কর কম নির্ধারণ করায় ৩৪,১৩,৪৫,১৮১/- টাকা আর্থিক ক্ষতিসাধিত হয়েছে।

উল্লিখিত অফিসের হিসাব নিরীক্ষাকালে মার্কেন্টাইল ব্যাংক এর আয়কর নথি, বার্ষিক নিরীক্ষিত হিসাব বিবরণী ও রেকর্ডপত্র পর্যালোচনায় দেখা যায় যে, করদাতা কোম্পানি কর্তৃক আয়কর রিটার্নের সাথে দাখিলকৃত বার্ষিক প্রতিবেদনের নোট ৩১ এ আদার এক্সপেন্স হেডে লস অন সেলস সিকিউরিটিজ বাবদ ৫,৪৭,৬৪,৩৭৯/- টাকা এবং লস অন মার্কেট এ্যাডজাস্টমেন্ট (সিকিউরিটিজ) বাবদ ৭৯,৮৫,৯৮,৫৭৩/- টাকাসহ মোট ৮৫,৩৩,৬২,৯৫২/- টাকা ব্যয় দেখানো হয়েছে। যা শেয়ার বিক্রয়ের বিপরীতে লোকসান হিসেবে বিবেচিত। আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৩৭ ধারা অনুযায়ী বিবেচ্য করবর্ষে সমন্বয় না করে অধ্যাদেশের ৪০(২) ধারা অনুযায়ী পরবর্তী শেয়ার বিক্রয় হতে মূলধনী লাভের সাথে সমন্বয়যোগ্য হলেও তা করা হয়নি। ফলে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৩০ ধারা অনুযায়ী মোট আয়ের সাথে যোগকরণযোগ্য।

[বিস্তারিত বিবরণ ২য় খণ্ডের পরিশিষ্ট “০৬” এর পৃষ্ঠা “০৬” দ্রষ্টব্য ]

**অনিয়মের কারণ** :

- আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৩৭ ধারা লঙ্ঘন।
- আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৪০(২) ধারা লঙ্ঘন।
- আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৩০ ধারা লঙ্ঘন।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব** : আয়কর রেকর্ড পরীক্ষান্তে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে।

**নিরীক্ষা মন্তব্য** : আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৩৭ ধারা অনুযায়ী বিবেচ্য করবর্ষে সমন্বয় না করে অধ্যাদেশের ৪০(২) ধারা অনুযায়ী পরবর্তী শেয়ার বিক্রয় হতে মূলধনী লাভের সাথে সমন্বয়যোগ্য হলেও তা করা হয়নি। স্থানীয় অফিসের জবাব নিষ্পত্তি সহায়ক নয়। আপত্তিটি গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত করে এবং সরকারের আর্থিক ক্ষতির বিষয় উল্লেখ করে ০৬-০৮-২০১৯ খ্রিঃ তারিখে সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয় বরাবর ১ মাস সময় দিয়ে পত্র দেয়া হয়। ১৪-১০-২০১৯ খ্রিঃ তারিখে মন্ত্রণালয় থেকে প্রেরিত স্মারক নং- ০৮.০০.০০০০.০৪২.০১.০৫০.১৯.৫৩ এর জবাবে নিরীক্ষায় উত্থাপিত আপত্তিসহ অডিট ইস্যু নির্ধারণপূর্বক কর মামলাটি এনবিআর এর অনুমোদন সাপেক্ষে অডিটের জন্য নির্বাচন করা হয়েছে এবং বিষয়গুলি আইনানুগভাবে বিবেচনা করে কর মামলা নিষ্পত্তি করা হবে। অডিট আপত্তিটি স্বীকৃতিমূলক। পরবর্তীতে অডিটি প্রতিষ্ঠান থেকে আর কোন জবাব পাওয়া যায়নি।

দশম জাতীয় সংসদের পিএ কমিটির ২১তম বৈঠকে অনুরূপ আপত্তি আলোচিত হয় এব
নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

১. আপত্তিকৃত টাকার মধ্যে যে অংশটুকু আদায় যথাযথ মর্মে মন্তব্যপূর্বক নিরীক্ষ কর্তৃপক্ষ ঐ অংশ নিষ্পত্তির জন্য সুপারিশ করেছে তা গ্রহণ করা হয়।

২. পরিশোধিত করের মধ্যে আপত্তিকৃত টাকার সংশ্লিষ্টতার বিষয়ে নিরীক্ষাকে আগামী ৭ দিনের মধ্যে প্রমাণক সরবরাহ করতে হবে।

৩. আপীলাত ট্রাইব্যুনাল কর্তৃক বিলোপকৃত টাকার বিলোপের স্বপক্ষে যথায প্রমাণক আগামী ১৫ দিনের মধ্যে সরবরাহ করতে হবে।

৪. আপীলাত ট্রাইব্যুনালের রায়ের বিরুদ্ধে হাইকোর্টে মামলা দায়েরের প্রয়োজনীয়তা বিষয়টি জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক পরীক্ষা করে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**নিরীক্ষার সুপারিশ** : আপত্তিতে উল্লিখিত ৩৪,১৩,৪৫,১৮১/- টাকা আদায় করে সরকারি কোষাগারে জমাপূর্ব প্রমাণকসহ নিরীক্ষা অফিসে জবাব প্রদান করা আবশ্যক।

অনুচ্ছেদ নং-৭॥

**শিরোনাম** : সিটি জেনারেল ইনস্যুরেন্স লিঃ কর্তৃক অননুমোদনযোগ্য ব্যয় বিয়োজন করে মোট আয় কম নিরূপণপূর্বক ১,৪৩,৩২,৭২৩/- (এক কোটি তেতাল্লিশ লক্ষ বত্রিশ হাজার সাতশত তেইশ) টাকা আয়কর কম নির্ধারণ করায় আর্থিক ক্ষতি।

**বিবরণ** : অভ্যন্তরীণ সম্পদ বিভাগ এর আওতাধীন কর কমিশনার বৃহৎ করদাতা ইউনিট (আয়কর), ঢাকা কার্যালয় এর ২০১৭-১৮ করবর্ষে সিটি জেনারেল ইনস্যুরেন্স লিঃ এর অননুমোদনযোগ্য ব্যয় বিয়োজন করে মোট আয় কম নিরূপণপূর্বক ১,৪৩,৩২,৭২৩/- টাকা আয়কর কম নির্ধারণ করায় আর্থিক ক্ষতি হয়েছে।

উল্লিখিত অফিসের হিসাব নিরীক্ষাকালে সিটি জেনারেল ইনস্যুরেন্স লিঃ এর আয়কর নথি, বার্ষিক হিসাব বিবরণী ও রেকর্ডপত্র পর্যালোচনায় দেখা যায় যে, অননুমোদনযোগ্য ব্যয় বিয়োজন করে মোট আয় কম নিরূপণ করায় আয়কর কম নির্ধারণ করা হয়েছে ১,৪৩,৩২,৭২৩/- টাকা। করদাতা কোম্পানি কর্তৃক আয়কর রিটার্নের সাথে দাখিলকৃত বার্ষিক প্রতিবেদনের নোট ৪-এ এ্যাডজাস্টমেন্ট অফ লস অন শেয়ার বিটুইন কস্ট এ্যান্ড মার্কেট প্রাইজ বাবদ ৩,৫৮,৩১,৮০৯/- টাকা ব্যবসায়িক আয় হতে বিয়োজন দেখানো হয়েছে, যা শেয়ার বিক্রয়ের বিপরীতে লোকসান হিসেবে বিবেচিত। আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৩৭ ধারা অনুযায়ী বিবেচ্য কর বর্ষে লোকসান সমন্বয় না করে অধ্যাদেশের ৪০(২) ধারা অনুযায়ী পরবর্তী শেয়ার বিক্রয় হতে মূলধনী লাভের সাথে সমন্বয়যোগ্য হলেও তা করা হয়নি। ফলে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৩০ ধারা অনুযায়ী মোট আয়ের সাথে যোগকরণযোগ্য।

[বিস্তারিত বিবরণ ২য় খণ্ডের পরিশিষ্ট "০৭" এর পৃষ্ঠা "০৭" দ্রষ্টব্য ]

**অনিয়মের কারণ** :

- আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৩৭ ধারা লঙ্ঘন।
- আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৪০(২) ধারা লঙ্ঘন।
- আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৩০ ধারা লঙ্ঘন।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব** : আয়কর রেকর্ডপত্র পরীক্ষান্তে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে।

**নিরীক্ষা মন্তব্য** : আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৩৭ ধারা অনুযায়ী বিবেচ্য কর বর্ষে লোকসান সমন্বয় না করে অধ্যাদেশের ৪০(২) ধারা অনুযায়ী পরবর্তী শেয়ার বিক্রয় হতে মূলধনী লাভের সাথে সমন্বয়যোগ্য। স্থানীয় অফিসের জবাব নিষ্পত্তি সহায়ক নয়। আপত্তিটি গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত করে এবং সরকারের আর্থিক ক্ষতির বিষয় উল্লেখপূর্বক ০৬/০৮/২০১৯ খ্রিঃ তারিখে সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয় বরাবর ১ মাস সময় দিয়ে পত্র দেয়া হয়। ১৪/১০/২০১৯ খ্রিঃ তারিখে প্রেরিত স্মারক নং-০৮.০০.০০০০.০৪২.০১.০৫০.১৯.৫৩ এর জবাবে জানানো হয় যে, আপত্তিটির বিষয়ে আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ১২০ ধারায় কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। পরবর্তীতে অডিটি প্রতিষ্ঠান থেকে আর কোন জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষার সুপারিশ** : আপত্তিতে উল্লিখিত ১,৪৩,৩২,৭২৩/- টাকা আদায় করে সরকারি কোষাগারে জমাপূর্বক প্রমাণকসহ নিরীক্ষা অফিসে জবাব প্রদান করা আবশ্যক।

অনুচ্ছেদ নং-৮॥

**শিরোনাম** : ডেল্টা লাইফ ইনস্যুরেন্স কোং লিঃ কর্তৃক পূর্তকাজ সম্পাদনের সময় উৎসে কর কর্তন না করায় ৪৩,৮৩,৭২৭/-(তেতাল্লিশ লক্ষ তিরাশি হাজার সাতশত সাতাশ) টাকা আয়কর কম নির্ধারণে আর্থিক ক্ষতি।

**বিবরণ** : অভ্যন্তরীণ সম্পদ বিভাগ এর আওতাধীন কর কমিশনার বৃহৎ করদাতা ইউনিট (আয়কর), ঢাকা কার্যালয় এর ২০১৭-১৮ করবর্ষে ডেল্টা লাইফ ইনস্যুরেন্স কোং লিঃ কর্তৃক পূর্তকাজ সম্পাদনের সময় উৎসে কর কর্তন না করায় আয়কর কম নির্ধারণে ৪৩,৮৩,৭২৭/-টাকা আর্থিক ক্ষতি হয়েছে।

উল্লিখিত অফিসের হিসাব নিরীক্ষাকালে ডেল্টা লাইফ ইনস্যুরেন্স কোং লিঃ এর আয়কর নথি, বার্ষিক নিরীক্ষিত হিসাব বিবরণী ও রেকর্ডপত্র পর্যালোচনায় দেখা যায় যে, করদাতা কোম্পানি কর্তৃক আয়কর রিটার্নের সাথে দাখিলকৃত বার্ষিক প্রতিবেদনের নোট ২৫ (এ্যানেক্সার-বি) বিল্ডিং খাতে ব্যয় পরিশোধ করা হয়েছে ১,২৮,৫০,৫৮৯/- টাকা এবং রেনোভেশন খাতে ৬,০২,১১,৫৩৪/- টাকাসহ মোট (১,২৮,৫০,৫৮৯ + ৬,০২,১১,৫৩৪) = ৭,৩০,৬২,১২৩/- টাকা সংযোজন ব্যয় দাবি করা হয়েছে। আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ৫২ ও বিধি-১৬ ক্লজ এ মোতাবেক পূর্তকাজে অর্থ পরিশোধের সময় ৬% উৎসে কর কর্তন করতে হবে। আলোচ্য ক্ষেত্রে ৭,৩০,৬২,১২৩/- টাকার উপর কর কর্তনের কোন প্রমাণক পাওয়া যায় নাই ।

[বিস্তারিত বিবরণ ২য় খণ্ডের পরিশিষ্ট "০৮" এর পৃষ্ঠা "০৮" দ্রষ্টব্য ]

**অনিয়মের কারণ** : আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ৫২ ও বিধি-১৬ লঙ্ঘন।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব** : আয়কর রেকর্ডপত্র পরীক্ষান্তে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে।

**নিরীক্ষা মন্তব্য** : আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ৫২ ও বিধি-১৬ ক্লজ এ মোতাবেক পূর্তকাজে অর্থ পরিশোধের সময় ৬% উৎসে কর কর্তনযোগ্য। স্থানীয় অফিসের জবাব নিষ্পত্তি সহায়ক নয়। আপত্তিটি গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত করে এবং সরকারের আর্থিক ক্ষতির বিষয় উল্লেখ করে ০৬/০৮/২০১৯ খ্রিঃ তারিখে সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয় বরাবর ১ মাস সময় দিয়ে পত্র দেয়া হয়। ১৪/১০/২০১৯ খ্রিঃ তারিখে প্রেরিত স্মারক নং- ০৮.০০.০০০০.০৪২.০১.০৫০.১৯.৫৩ এর জবাবে জানানো হয় যে, আপত্তিকৃত টাকা চালানে জমা দেয়ার কথা বলা হলেও কোন প্রমাণক পাওয়া যায় নাই। পরবর্তীতে অডিটি প্রতিষ্ঠান থেকে আর কোন জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষার সুপারিশ** : আপত্তিতে উল্লিখিত ৪৩,৮৩,৭২৭/-টাকা আদায় করে সরকারি কোষাগারে জমাপূর্বক প্রমাণকসহ নিরীক্ষা অফিসে জবাব প্রদান করা আবশ্যক।

অনুচ্ছেদ নং-৯॥

শিরোনাম : সানোফি বাংলাদেশ লিঃ কর্তৃক অননুমোদিত ব্যয় বিয়োজন করে মোট আয় কম নিরূপণপূর্বক ৬,৭৫,০২,৫৭১/- (ছয় কোটি পঁচাত্তর লক্ষ দুই হাজার পাঁচশত একাত্তর) টাকা আয়কর কম নির্ধারণ করায় আর্থিক ক্ষতি।

বিবরণ : অভ্যন্তরীণ সম্পদ বিভাগ এর আওতাধীন কর কমিশনার বৃহৎ করদাতা ইউনিট (আয়কর), ঢাকা কার্যালয় এর ২০১৭-১৮ করবর্ষে অননুমোদিত ব্যয় বিয়োজন করে মোট আয় কম নিরূপণপূর্বক আয়কর কম নির্ধারণ করায় ৬,৭৫,০২,৫৭১/- টাকা আর্থিক ক্ষতি হয়েছে।

